1st solo exhibition



# Jol Bindu

shahanoor mamun

Alliance Française de Dhaka



# Jol Bindu

shahanoor mamun



Alliance Francaise De Dhaka
23th August - 6th September, 2013

st solo exhibition



# Acknowledgement


Sanaul Haque Babul
Sheikh Maniruzzaman Liton
Ashiqur Rahman Rono
M. Khandaker Md. Mahmud Hassan
Bishwajit Goswami
Bristy Tania
Nazmul Haque Bappy
Shohag Parvez
Zannatun Nahar Rinti

## Design By

Al Monjur Elahi
monjur.d@gmail.com

## Photography By

Nahid Hasan Tapu
Zannatun Nahar Rinti

## মোঃ রবিউল ইসলাম

একজন শিল্পী তার সৃষ্টিশীল রূপকে উন্মুক্তভাবে সর্বসাধারণের কাছে পৌছে দেন একটি প্রদর্শনীর মাধ্যমে। আর এভাবেই তিনি নুতন করে জন্ম নেন শিল্প সমাজে। তরুণ শিল্পী শাহানূর মামুন তার শিল্প সম্ভার নিয়ে নিজেকে প্রকাশ করতে চলেছেন প্রথম একক শিল্পকর্ম প্রদর্শনীর মাধ্যমে। শিল্পকর্মের মাধ্যম হিসেবে তিনি বেছে নিয়েছেন "জলরং এবং সিরামিক" কে । তবে তিনি প্রদর্শনীর সিংহভাগ শিল্পকর্মই রেখেছেন জলরং মাধ্যমে। সিরামিক বিষয়ে অধ্যয়নরত হওয়া সত্ত্বে ও জলরঙের চিত্রকলার প্রতি তার দুর্নিবার আকর্ষণ ও আগ্রহের কারণে তিনি নিরলস ভাবে এই মাধ্যমে শিল্পচর্চা করে চলেছেন। সাদা প্রেক্ষাপটে স্বচ্ছ রঙের প্রয়োগের এই মাধ্যমটিতে বাংলাদেশের বহু গুণী শিল্পী তাঁদের শ্রেষ্ঠত্বের প্রমাণ রাখা সত্ত্বে ও বর্তমান প্রজন্মের কাছে এই মাধ্যমটি তুলনামূলক ভাবে অবহেলিত হতে চলেছে। শিল্পী শাহানূর মামুন হয়তো এই বিষয়টি সচেতন বা অবচেতনভাবে অনুধাবন করে শিল্প চর্চা করছেন, যা ভবিষ্যৎ প্রজন্মের কাছে অনুসরণীয় হয়ে থাকবে।

পারিপার্শ্বিক জীবনের অতি সাধারণ বিষয়বস্তুকে সুক্ষ্ম ও তিক্ষ্ণ দৃষ্টিভঙ্গির মাধ্যমে স্বচ্ছ জলরং মাধ্যমে অসাধারণ ভাবে উপস্থাপন করতে সক্ষম হয়েছেন তিনি। তার শিল্পকর্মে যেমনভাবে প্রকাশ পেয়েছে বাংলাদেশের নৈসর্গিক সৌন্দর্য্যের, তেমনিভাবে ফুটে উঠেছে নাগরিক জীবনের বিভিন্ন খুঁটিনাটি বিষয়। তিনি বৃষ্টিস্নাত প্রকৃতি ও নাগরিক চিত্র অতি সতর্কতা ও দক্ষতার সাথে জলরঙে ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছেন। ঋতুরাজ বসন্ত, পাখির কলকাকলি, সাধারণ জীবনযাত্রা কোন কিছুই যেন তার দৃষ্টি এড়িয়ে যায়নি। পাশাপাশি সিরামিক মাধ্যমের শিল্পকর্মের প্রতি তার যত্নশীলতা এবং দক্ষতার পরিচয় দিয়েছেন।

মিশ্র মাধ্যমে উপস্থাপিত তার এই শিল্পকর্ম প্রদর্শনটি তরুণ শিল্পীদেরকে শিল্পচর্চায় উজ্জীবিত ও অনুপ্রাণিত করবে, পাশাপাশি বিশ্বশিল্পকলাকে সমৃদ্ধ করতে সহায়ক ভূমিকা রাখবে বলে মনে করি। তার প্রথম একক প্রদর্শনীর জন্য অভিনন্দন এবং শুভ কামনা করছি।

মোঃ রবিউল ইসলাম
সহকারী অধ্যাপক
মৃৎ শিল্প বিভাগ
চারুকলা অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

# তরল আলোর স্নিগ্ধতা

মইনুদ্দীন খালেদ

সব দিকেই জল। আকাশে জলটুম্বুর মেঘ। ভূমিতে কল্লোলিত শত নদী। প্রকৃতি ঘনসবুজ; নিরন্তর পল্লবিত। স্বদেশ বাংলাদেশ ভূগোলের হিসেবে খুব বড় নয়, কিন্তু প্রাকৃতিক আয়োজন ও আনুষ্ঠানিকতায় তা বিপুল ও বিচিত্র। এখানে সকাল-দুপুর-সন্ধ্যা-রাত কাজে সরব ও ধ্যানে মৌন। আহ্নিক গতির লীলাকে বদলে দেয় বার্ষিক গতি;- ষড়ঋতুর আবর্তে বর্ণিকাভঙ্গের অপার রহস্য পাঠ করে আমাদের আকুল চোখ। ওই ব্যাকুলতায় কোনো কিছুই আর স্থির নয়। মন কেবলই অনুভব করে আলোর বিচিত্র লহরী; চোখ পাঠ করে নির্দিষ্ট রূপ নয়- বরং রূপান্তরের রসায়ন। এই সরসতা ও সজীবতার নৈসর্গিক যজ্ঞে চোখ রেখে শিল্পী হতে চেয়েছেন শাহানূর মামুন। তার নবীন চোখের মণি আর মস্তিষ্কের সতেজ কোষ স্বদেশ বাংলার ওই রং-রূপের প্রবহমানতার রহস্যের অন্তর্বয়ন বোঝার জন্য শিল্পযাত্রা শুরু করেছে।
শাহানূর অনুমেয়কে আঁকতে চেয়েছেন। চোখের দেখাটা অনেকাংশে অগ্রাহ্য করেছেন। অনুভূতিলোক উপচে দিতে চাইলে রেখার চেয়ে রং বেশি প্রণোদনা দেয়। এই নবীন শিল্পীর কাজ দেখে মনে হয় জলপুষ্ট মেঘ যেন আর ভার বইতে পারছে না; আবার অন্যদিকে মনে হয় প্রকৃতি ও মানুষের চেনা রূপগুলোও বর্ণের স্বরলিপিতে কথা বলতে চায়। অনেক তরল আলো আর অনেক সুচিক্কন মেঘমালার দোলায় সৃজনের হর্ষ অনুভব করেছেন এই নবীন।

ইংরেজ ও ওলন্দাজের জলরংয়ের অভিজ্ঞতা আর প্রাচ্যের ছবি ইম্প্রেশনিস্টদের শিল্পভাবনা দানা বাঁধতে সহায়তা দিয়েছিল। এক পর্যায়ে গিয়ে এই সত্য উদ্ভাবিত হয়ে পড়ল যে বর্ণই আসলে ঈশ্বর। সেই থেকে চিত্রতলে বর্ণ স্বয়ম্ভূ। বর্ণেই প্রকৃতির স্বয়ংপ্রকাশ- বিচিত্র গতায়ত। শাহানূর মামুন এবং আরও কারও কারও কাজ দেখে আমার মনে হয়েছে যে রংয়ের ওই স্বয়ংচাল তারা তুলিত করতে পেয়েছেন বিশেষ পারমিতার জোরে। দীর্ঘ অনুশীলন ও পরিশীলনের প্রয়োজনটা তারা উপক্ষো করেননি। শিল্পের যে কোনো রীতি বা ভাষা ভিন্ন ভূগোলে ভিন্ন ভাষা পায়। রং দিয়ে জগৎ-সংসারের পরমার্থকে বুঝতে গিয়ে এদেশের গুরুশিল্পী থেকে শুরু করে পরবর্তী প্রজন্মের শিল্পীরা শিল্পে যে স্বকীয়তার মাত্রা যোগ করেছেন তাতে ইম্প্রেশনিস্ট শিল্পভাষার নতুন রূপ ফুটেছে। এ সাধনা প্রধানত হয়েছে জলরংয়ে। বাংলাদেশের শিল্পচর্চায় জল রংয়ের যে পরম্পরা বা ঐতিহ্য সৃষ্টি হয়েছে তারই পথ শাহানূরের মত নবীনদের সাহস ও উৎসাহ যুগিয়েছে। নবীন প্রাণ যখন রং নিয়ে শিল্পখেলায় মগ্ন হয় তখন তাতে স্বল্পময়তার অভিঘাত স্পষ্টত চোখে পড়ে। এই পৃথিবী আলো-অন্ধকারের নাটক। অনেক রংয়ের আলো আর বিচিত্র অন্ধকারের বুনটে দৃশ্যমান এই পৃথিবী। এর রহস্যভেদই সৃজনশীলতার অন্যতম অন্বিষ্ট। কিন্তু চোখের দেখাকে মনের ভাবনার সঙ্গে সমীকরণ টানতে হয়। শিল্পে মন কেবলই প্রবিষ্ট হতে থাকে। শাহানূর যেন এই শিক্ষার্থী জীবনের শেষ লগ্নে এসে জেনে গেছেন সৃষ্টিতে আত্মা স্ফূটিত হয়। মনের স্বয়ংপ্রকাশ ছাড়া শিল্প শিল্পোত্তীর্ণ হয় না। তার চিত্রতলে বর্ণের সঞ্চরনশীলতা ও বর্ণের মেঘায়নের মত পরিচর্যা- যা প্রায় বিমূর্তকে বা অরূপকে স্পর্শ করে যায় তা আমাদের সম্মোহিত করে রাখে।

শিল্পের মুদ্রা সংগ্রহের জন্যে দূরাতীত কাল থেকে শিল্পীরা প্রকৃতির পাঠশালায় বসে আছেন। আমরা নদীকূলে বাস করি, প্রধানত নদী আমাদের দীক্ষাগুরু হলেও পাহাড় ও সমুদ্রও আমাদের শিক্ষা দেয়। পাহাড় জানায় অচলের মহিমা- স্থানুর ভার। সমুদ্র তরঙ্গাভিঘাতে জানিয়ে যায় এ পৃথিবীর তিনভাগই জল। সেই নিয়ম মেনে শাহানূর সমতলের প্রকৃতি ও পাহাড়ি প্রকৃতি দুই-ই দেখেছেন। প্রকৃতি যেখানে আশৈশবের চেনা প্রকৃতি নয়, ভিন্ন রকমের, তখন তা মনে বিশেষ দোলা নিয়ে আসে। পার্বত্য স্বদেশ দেখে শাহানূর অভিভূত হয়েছেন। এখানে এসে তিনি বুঝেছেন সমতলে দাঁড়িয়ে থাকা আর পাহাড়ের কোলে দাঁড়িয়ে দেখা কখনোই এক হতে পারে না। পরিপ্রেক্ষিতের ভিন্নতায় যে নতুন নিসর্গ অবলোকন তারও সরস উপস্থাপনা আছে এই শিক্ষার্থী-শিল্পীর কাজে। আমরা দেখেছি যে সমতলের প্রকৃতি দেখায় অভিজ্ঞ শিল্পসন্ধানী মানুষেরা পাহাড় দেখে এক নিবিড় বিমুগ্ধতায় অভূতপূর্বকে শিল্পে প্রতিষ্ঠিত করে ফেলেন। শিক্ষাজীবনে প্রায় সব শিক্ষার্থীই অনুশীলনের প্রয়োজনে পাহাড় ও সমুদ্র দর্শনে যান। পরবর্তী সময়ে এদের মধ্যে যারা শিল্পী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন তাদের সবারই অনুশীলন পর্বের কাজ বিশেষ মানে যে উত্তীর্ণ হয়েছিল তা আজও বোঝা যায়। আমার মনে হয়, শাহানূর শিল্পসাধনার কঠিন ব্রতে একনিষ্ঠ থেকে সেই সত্যকে প্রমাণিত করতে পারবেন।

কিন্তু বস্তুভার নয়, প্রধানত তরল আলোর অভিব্যক্তিকে নিবিষ্ট হয়ে আছেন শাহানূর। মেঘমালা আর সূর্যের আলোয় যে প্রিজম তৈরি হয় তার অবাক-করা আলোকে তিনি বর্ণময়তায় ধরতে চেয়েছেন। আবার জলটুম্বুর মেঘভারের শিহরণটুকুও তার কাম্য। আসলে মেঘের উদগীরণ, জলের উচ্ছ্বাস আর সংক্ষিপ্ত ভূমিকে রেখে এই নবীনের যে কাজ তাতে প্রমান্য প্রকৃতির চেয়ে প্রকৃতির অন্তর্নিহিত বিন্যাস ও বিভিন্ন অনুষঙ্গের পারস্পরিক সন্নিকর্ষকে গুরুত্ব দেয়া হয়েছে। আর নগরদৃশ্যেও রূঢ় রেখার জ্যামিতি প্রাধান্য পায়নি তার অভিনিবেশে। বরং নগরেও জলের প্রতিক্রিয়া তিনি বুঝতে চেয়েছেন দালানকোঠা, যানবাহন, সড়ক ও গলি-গুপচি এঁকে। বৃষ্টিমুখর অথবা বৃষ্টিস্নাত নগরকে শাহানূর প্রাধান্য দিয়েছেন, আর  অন্তর্ভেদী হওয়ার প্রবণতাকে তৃপ্ত করেছেন পরিপ্রেক্ষিতের বিলীয়মানতাকে দালানসারির ভেতর দিয়ে দেখে। তবে দ্বিমাত্রিকতাও তরল আলোর পরিচর্যার প্রকৃতিদৃশ্যের বিপরীতে যাত্রা তার নগরদৃশ্য। এখানে ত্রিমাত্রিকতা ও মনোক্রমিক পরিচর্যার কারণে শাহানূরের ড্রইংয়ের ক্ষমতা পরীক্ষিত হয়েছে বিশেষ স্পষ্টতায়। দালানকোঠা, মানুষ, যানবাহন প্রামাণিক স্পষ্টতায় উপস্থাপিত হয়নি তার কাজে। রৈখিক পরিমার্জনা আর বর্ণঝোপে সবকিছুর মধ্যে যাপিত সময় ও জীবনের পুরাকীর্তি সংকীর্তিত রয়েছে। প্রাধান্য পেয়েছে কাব্যময়তা ও স্মৃতির বিধুরতা। ছবির পাশাপাশি সিরামিক মাধ্যমের কাজও উপস্থাপন করেছেন শিল্পী। আধা-বিমূর্ত গড়নের নির্ভরতায় প্রকৃতি ও মানুষী গড়ন এবং মানব-সম্পর্কের স্বরূপ অন্বেষণ করেছেন শিল্পী। বস্তুভার ও নির্ভরতা- রূপ ও অরূপের টানা-পোড়েনের পরীক্ষায় মনোনিবেশ করেছেন শাহানূর। চেনা অবয়বের অনুকরণে এই তরুণ বিশ্বাসী মন। বিমূর্ততার শর্তে অভিব্যক্তির মাহাত্ম্য অনুধাবনের কঠিন পথ তিনি পরিক্রমণের অঙ্গীকার করেছেন;- তার কাজের দিকে তাকালে এ সত্যকে অনুভব করা যায়।

মইনুদ্দীন খালেদ
২১ জুন ২০১৩

# উৎসর্গ

বাবা মা কে

(মো: জালাল উদ্দীন ও মোছা: সুফিয়া খাতুন)

যাদের চোখ দিয়ে এখনও বিশ্ব দেখি.....................



# JOL BINDU

I see the nature through the watercolor. It seems to me, Nature express itself by combining drop of water. I hold a leaf, I feel that when I press it, my hand will pour with colored water. Nature decorates itself with this color of water.

Watercolor is the reflection of my imagination. Cuddling water and color gives me huge pleasure. I mingle myself with this cute game of watercolor. When I go outdoor for capturing a landscape on my canvas, Nature speaks to me, about the composition, color sense and so on . By this way, I complete painting and back home with a heavenly feeling to talk with nature . So that's why I think, watercolor is the best way to touch nature.

A lot of water and color combined here at my "JOL BINDU" .I try my Level best to compliment nature with my works. I studied from down to sunset, at the bank of Brahmaputra. I have traveled narawangong , washpur, chadpur, saintmartin, chera-dip, bandarban, Dhaka sadarghat to catch a simple and transparent beauty through my watercolor. All these traveling places make me realize the different test of beauty. I am trying to introduce every body about my realization with a simple and transparent way of watercolor.

I hope my conversation with the nature will explained to others through watercolor by "JOL BINDU". I will be grateful and inspired if my art works pleased yourselves.

Shahanoor mamun



Rain- I
watercolor . 45 x 58 cm, 2007



Mother & Child - I
Ceramic . 17 x 10 cm, 2013



Old Dhaka - 10
watercolor . 50 x 70 cm, 2013




Old Dhaka - 11
watercolor . 50 x70 cm, 2013




Old Dhaka- 12
watercolor . 60 x 60 cm, 2012



Old DHAKA - 6
watercolor . 75 x 50 cm, 2012




Old Dhaka - 7
watercolor .75 x 50 cm, 2012




Old DHAKA - 8

watercolor . 75 x 48 cm, 2013



Old DHAKA - 9
watercolor . 75 x 48 cm, 2013



Shitolokkha Ghat, Narayangonj
watercolor . 55 x 57 cm, 2010



Dhaka Sadarghat
watercolor . 55 x 55 cm, 2010



Ati Bazar, Dhaka
watercolor . 45 x 64 cm, 2012



The River Side of Padma
watercolor . 45 x 64 cm, 2012




Fishing Boat, Chadpur
watercolor . 55 x 80 cm, 2011




The Buriganga- I
watercolor . 45 x 64 cm, 2012




The Buriganga - 2
watercolor . 45 x 64 cm, 2012




Old Dhaka- I
watercolor . 40 x 55 cm, 2013




Old Dhaka - 2
Watercolor . 40 x 55 cm, 2013



Old Dhaka - 4
watercolor . 57 x 37 cm, 2013



Old Dhaka- 5
watercolor . 57 x 37 cm, 2013



Roma, Bandarban
watercolor . 45 x 64 cm, 2013



Landscape in Norail
watercolor . 45 x 64 cm, 2013



Santmartin
watercolor . 37 x 55 cm, 2009



Brahmaputra
watercolor . 28 x 55 cm, 2012



Kirsnochora - 2
watercolor . 45 x 64 cm, 2012



Kirsnochora - 1
watercolor . 45 x 64 cm, 2012



The Night of Kolkata City - 1
watercolor . 45 x 70 cm, 2012



The Night of Kolkata City - 2
watercolor . 45 x 78 cm, 2012



Rain - 2
watercolor . 45 x 64 cm, 2013



Rain - 3
watercolor . 45 x 64 cm, 2013



Rain - 4
watercolor . 45 x 64 cm, 2013



The Shodow of Boat
watercolor . 45 x 64 cm, 2013



The Mysterious Moment of Nature - 1
Watercolor . 45 x 64 cm, 2012



Expression of Nature - 1
watercolor . 56 x 39 cm, 2012



Expression of Nature - 2
watercolor . 56 x 39 cm, 2012



Expression of Nature - 5
watercolor . 45 x 64 cm, 2013



Expression of Nature - 6
watercolor . 45 x 64 cm, 2012



Expression of Nature - 7
watercolor . 45 x 64 cm, 2012



Expression of Nature - 8
watercolor . 45 x 64 cm, 2012



Engaged in thinking
watercolor . 25 x 38 cm, 2012




Mother amd Child
watercolor . 19 x 27 cm, 2012



Flower
watercolor . 32 x 45 cm, 2013



Polash
watercolor . 16 x 27 cm, 2013



Nature
Watercolor . 27 x 40 cm, 2011



Village girl
Watercolor . 19 x 27 cm, 2012



Love Bird
watercolor . 27 x 39 cm, 2012




The Fishing Boat
watercolor . 26 x 37 cm, 2012



Relation
Ceramic . 27 x 22 cm, 2013



Expression of the Boat
watercolor . 25 x 25 cm, 2011



Tht Boat
watercolor . 25 x 25 cm, 2011



Bandarban - 1
watercolor . 18 x 28 cm, 2010



Bandarban - 2
watercolor . 18 x 28 cm, 2010



Mother & Child - 2
Ceramic . 17 x 7 cm, 2013



## SHAHANOOR MAMUN

Born - 01 October, Mymensingh, Bangladesh

### Education:

M.F.A (2nd Part) Department of Ceramic
Faculty of fine Art
University of Dhaka

### Awards:

2007 :Best Award For pen Media, Annual Art exhibition . Faculty of Fine Art.Dhaka University

2008 :Honorable Award Breather Mymensingh Fine Artist CO-Ordinatin Association Art exhibition .

2009 :Award to Dhaka University Alumni Association .

2010 Second Award Shako women Artist Association of Bangladesh .

2012 :1st Award to transparent through the vision , Watercolor workshop-2012 in Dhaka.

### Solo Exhibition:

2013 Jol Bindu, Alliance Francaise de Dhaka

### Group Exhibition:

2007 :6th Art Exhibition & Competition in Commemoration of Artist Rashed. National Art Gallery, Bangladesh Shilpakala Academy.

2007 :Annual Art exhibition . Faculty of Fine Art Dhaka University

2008 :Breater Mymensingh Fine Artists CO-Ordinating Association Art Exhibition . Jainul songrohoshala Mymensingh.

2009 :8th Art Exhibition & Competition in Commemoration of Artist Rashed. National Art Gallery, Bangladesh Shilpakala Academy.

2008 The right to health Painting exhibition in . Gallery Drik, Dhaka.

2009 3rd Friendship Art exhibition in. National Art Gallery, Bangladesh Shilpakala Academy.

2009 The father of nation ."BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN "34TH Art exhibition. Zainul Gallery. Faculty of Fine Art. University of Dhaka.

2009 Raku Workshop outcome show . Zainul Gallery. Faculty of Fine Art. University of Dhaka. Organized by: Britto Arts Trust.

2010 Zainul Fair , Faculty of Fine Art. University of Dhaka.

2010 4rd Friendship Art exhibition in . National Art Gallery, Bangladesh Shilpakala Academy.

2010 Joler Dhara Workshop And Art Exhibition. Gallery Shilpangan,Dhaka.

2010 Mrettikya Agroup of Ceramist Exhibition . Zainul Gallery. Faculty of Fine, Art university of Dhaka.

2010 The father of nation . "BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN "35TH Art exhibition. Zainul Gallery. Faculty of Fine Art , university of Dhaka.

2011 :Shamsul huda painting Award and Exhibition .

2011 :Young artists water color Art camp Exhibition. 1st Apri . Dhaka art Center.

2011 : The father of nation . "BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN "36TH Art exhibition. Zainul Gallery. Faculty of Fine Art university of Dhaka .

2011 : " Reminiscences of Childhood " Art camp and Exhibition.
Organized by STUDIO 48. Gallery Shilpangan, Dhaka.

2011 "Zainul uthsob 2011" open art exhibition , mymensingh .

2011 Art exhibition on the occasion of the 40th Anniversary of the Liberation war and our victory , National art gallery . Bangladesh Shilpakala Acadamy.

2012 :Annual Art exhibition . Faculty of Fine Art Dhaka University

## Workshop:

2007 :Participated and successfully the work shop on working with terracotta (From 2-4 August 2007) Organized by; Design and technology center, Dhaka.

2009 :Raku workshop . organized by: Britto Arts Trust.

2010 :Ceramic Raku and pit-Fire workshop by Ceramic artist- Ramon Camarillo. Organized by- The American center, U.S.A Embassy –Dhaka

2008 and the Department of Ceramics, Faculty of Fine Art, University of Dhaka.

2010 :Water color workshop. By-Artist Monirul Islam, Biren shome and Alo kash Ghosh.

2010 :Standard chartered sreejoni . Young Artists water color Art camp. By- Artists samarjit Ray Chowdhury, Rajaul Karim, Biren Shome, Alokash Ghosh and Samiran Chowdhury.

2011 : S.M Sultan art camp. Organized by Bengal Faundation and S.M Sultan shishu charu-o-karukala Foundation. Narail.

2012 : Transparent through the Vision Watercolor -2012 in Dhaka By artist Jamal ahmed , kamal uddin , Abdus sattar toufiq.

2012 Watercolor Workshop: "Welcoming Borsha" at Gallaery Cosmos in June 2012. By Artist Alokesh Ghosh and Biren Shome

2012 "ABSORBED ORIENTAL" Oriental Art , workshop - 2012 , By- Dr. Abdu Satter and Nasreen Begum

2013 Joler Dhara, Watercolour Workshop and Art Exhibition

## Collections:

Have many private collection in Bangladesh, India, Japan, Singapur, USA, Canada, China.

## Contact:


Cell : 01710762683

E-mail : shahanoormamun@gmail.com
shahanoormamun@shahanoormamunartbd.com

Web : shahanoormamunartbd.com




**Especially Thanks to:**

Mustafa Manwar
Rafiqun Nabi
Alakesh Ghosh
Moinuddin khaled

Alliance Française de Dhaka

Inauguration ceremony:
Friday, August 23, 2013 at 5:30 pm
Venue: La Galerie
Allance Francaise de Dhaka
26 Mirpur Road, Dhanmondi
Dhaka 1205, Banglabesh



# Jol Bindu

shahanoor mamun

Sponsored By:

AB Fashion Maker ®